দৈনিক ইত্তেফাক

তারিখ 05 MAR 2008
পৃষ্ঠা ৪ কলাম ৩

কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি স্থগিতের দাবি

# শিক্ষা উপদেষ্টার কাছে অভিভাবক ফোরামের স্মারকলিপি

কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি স্থগিতের দাবিতে অভিভাবক ফোরাম মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা ও সচিব বরাবর স্মারকলিপি দিয়েছে।

মন্ত্রণালয়ের উপ-সচিব বাবুল কুমার সাহা সচিবালয়ের গেটে এসে স্মারক গ্রহণ করেন। বিভিন্ন স্কুলের জড়ো হওয়া দুই শতাধিক অভিভাবকের পক্ষে ফোরামের আহ্বায়ক এডভোকেট আবেদ রাজা তা পাঠ করে উপ-সচিবের নিকট হস্তান্তর করেন। স্মারকলিপিতে সাত দিনের মধ্যে দাবি পূরণের আহ্বান জানানো হয়। স্মারকলিপিতে ২০১০ সালের কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি স্থগিত করে ৬ষ্ঠ শ্রেণী থেকে চালু শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দান, পাঠ্যপুস্তকে এ পদ্ধতির বিস্তারিত বিবরণ দেয়া এবং বাজারে ৯ম শ্রেণীর পুস্তক প্রাপ্তির নিশ্চয়তার দাবি জানান। এরপর ওসমানী উদ্যানে অভিভাবকদের সভা অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন মাহবুব হোসাইন, সুফিয়া বেগম, সেলিনা আক্তার, ফাতেমা হক, নুরুজ্জামান প্রমুখ। – প্রেস বিজ্ঞপ্তি